

অফিস আদেশ নং- ৪১ /২০২৬ (পি এন্ড ডি)

তারিখ: ০৫/০৫/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

যেহেতু জনাব মোসাঃ রুক্ষুন নিশা বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে “এম,এল,এস,এস” পদে কর্মরত আছেন। স্মারক নং- সি,কে-৩১৭০ তারিখ: ২৭/০৪/২০২৬ খ্রি. মূলে ইস্যুকৃত অফিস আদেশে তাকে মাননীয় বিচারপতি জনাব শেখ তাহসিন আলী মহোদয়ের বাসভবনে বদলি করা হয় এবং তাকে ২৯/০৪/২০২৬ খ্রি. তারিখে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হয়। কিন্তু নির্ধারিত তারিখে তিনি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি। তার সাথে যোগাযোগ করা হলে তিনি বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে সরাসরি অস্বীকৃতি জানান।

এবং

যেহেতু এম,এল,এস,এস জনাব মোসাঃ রুক্ষুন নিশা বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে গত ০৩/০৫/২০২৬ খ্রি. তারিখে সুপ্রীম কোর্ট প্রাঙ্গণে মানব বন্ধনে অংশগ্রহণ করে বিচারপতি মহোদয়গণের বাসায় কাজ করবেন না মর্মে জানান এবং কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ইলেকট্রনিক মিডিয়ায় অফিস শৃঙ্খলা বিরোধী বক্তব্য প্রদান করেন। গত ০৪/০৫/২০২৬ খ্রি. তারিখে তিনি সুপ্রীম কোর্টের এ্যানেক্স ভবনের সামনে সাংবাদিক সম্মেলনে উপস্থিত হয়ে বিচারপতি মহোদয়গণের বাসায় বদলি সংক্রান্ত বর্ণিত স্মারকের অফিস আদেশকে অবৈধ বলে উল্লেখ করেন। তাছাড়াও তিনি নানাবিধ কর্মকাণ্ডের মাধ্যমে অন্যান্য কর্মচারীদেরকে দায়িত্ব পালনে বাধা প্রদান করছেন এবং কর্মচারীদের মধ্যে বিদ্বেহের মনোভাব তৈরি করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন।


এবং

যেহেতু তার এরূপ কার্যকলাপ অফিস শৃঙ্খলা পরিপন্থী, The Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Discipline and Appeal) Rules, 1983 এর বিধি 2(4) অনুযায়ী চরম অবাধ্যতা ও অসদাচরণের সামিল এবং উক্ত বিধিমালায় বিধি 2(4) এর সঙ্গে পঠিতব্য বিধি 3(b) এর অপরাধ যা বিধি 4(1) অনুযায়ী শাস্তিযোগ্য। অভিযোগের গুরুত্ব বিবেচনায় তাকে The Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Discipline and Appeal) Rules, 1983 এর বিধি 10(1) অনুযায়ী আশু সাময়িক বরখাস্ত (Suspend) করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়।

সেহেতু “এম,এল,এস,এস” মোসাঃ রুক্ষুন নিশাকে The Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Discipline and Appeal) Rules, 1983 এর বিধি 10(1) অনুযায়ী চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspend) করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আদেশক্রমে


(মোহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।


স্মারক নং- ৩৪৪৭(৩)

জি,ই,এস,

তারিখঃ-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)
- ২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং- ৫২৮, ৫ম তলা, সি,জি,এ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। ডি,ডি,ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৫। কোর্ট কীপার, কোর্ট কীপিং শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৬। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৭। হিসাবরক্ষক, হিসাব শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৮। জনাব মোসাঃ রুক্ষুন নিশা, এম,এল,এস,এস, কোর্ট কীপিং শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৯। (পি এ ভি) কপি।


ডেপুটি রেজিস্ট্রার

(সার্বিক ও আদি অধিক্ষেত্র)

ফোনঃ ০২-২২৩৩৮৬৮২৬।